গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।




স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৬.জেলা (১২১). ১৬৭৫

তারিখঃ ২০ /০১/২০২৬ খ্রি.

বিষয়: বিজ্ঞ সহকারী জজ আদালত, ইসলামপুর, জামালপুরে জনাব মোঃ কাশেম কর্তৃক দায়েরকৃত অন্য মোকদ্দমা নং-৩৭৪/২০২৫ এবং অন্য মোকদ্দমা নং-৩২৯/২০২৫ মামলা সমূহে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ প্রসঙ্গে।

সূত্র ১: অন্য নং-৩৭৪/২০২৫ মোকদ্দমার আদালতের সমনের কপি (কাশিঅ প্রাপ্তি স্বীকার ডকেট নং-১২, তারিখ: ১১.০১.২০২৬ খ্রি.) ।
সূত্র ২: অন্য নং-৩২৯/২০২৫ মোকদ্দমার আদালতের সমনের কপি (কাশিঅ প্রাপ্তি স্বীকার ডকেট নং-১৪, তারিখ: ১৪.০১.২০২৬ খ্রি.) ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞ সহকারী জজ আদালত, ইসলামপুর, জামালপুরে জনাব মোঃ কাশেম কর্তৃক দায়েরকৃত অন্য মোকদ্দমা নং-৩৭৪/২০২৫ এবং অন্য মোকদ্দমা নং-৩২৯/২০২৫ মামলা সমূহে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে যথাক্রমে ১১ এবং ২১ নং বিবাদী হিসেবে পক্ষভুক্ত করা হয়েছে। উক্ত মামলা সমূহের সমনে আগামী ১০.০২.২০২৬ খ্রি. তারিখ এবং গত ১৫.০১.২০২৬ খ্রি. বিজ্ঞ আদালতে মামলার শুনানির দিন ধার্য করা হয়েছে মর্মে উল্লেখ রয়েছে।

২। উল্লেখ্য, সেরেস্তাদার, বিজ্ঞ সহকারী জজ আদালত, ইসলামপুর. জামালপুর কর্তৃক স্বাক্ষরিত বিবাদীর প্রতি সমনের ০২ (দুই) টি কপি কারিগরি শিক্ষা অধিদপ্তরে সূত্রোক্ত ডকেটে গত ১১.০১.২০২৬ খ্রি. এবং ১৪.০১.২০২৬ খ্রি. তারিখে পাওয়া যায়। উক্ত সমন ০২ (দুই) টির সাথে আর্জির কপি না থাকায় মামলা সমূহের বিষয়ে কোন সম্যক ধারণা পাওয়া যায়নি। মামলার আর্জির কপি পাওয়ার প্রয়োজনীয়তা রয়েছে।

৩। এমতাবস্থায়, অন্য মোকদ্দমা নং-৩৭৪/২০২৫ এবং অন্য মোকদ্দমা নং-৩২৯/২০২৫ মামলায় সরকার পক্ষের স্বার্থ রক্ষায় মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য অধ্যক্ষ, জামালপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজকে ক্ষমতা অর্পণ করাসহ মামলার বিষয়ে বিজ্ঞ আদালত/সরকারী কৌসুলির সহিত সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা ও মামলা সমূহের হালনাগাদ তথ্যাদি (প্রমাণকসহ) নিয়মিতভাবে এ অধিদপ্তরের আইন সেলে প্রেরণের নির্দেশনাসহ মামলার আর্জির কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ

১। ০২ (দুই) টি মামলার বিজ্ঞ আদালতের সমন ও খাম-০৪ (চার) পাতা।

২০.০১.২৬

(প্রকৌশলী মোঃ রেজাউল হক)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,
জামালপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

০১। জেলা প্রশাসক, জামালপুর।
০২। বিজ্ঞ সরকারী কৌসুলি, বিজ্ঞ সহকারী জজ আদালত, ইসলামপুর, জামালপুর।
০৩। সহকারী পরিচালক-৫/৬, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্র খানা সংশ্লিষ্ট অধ্যক্ষের নিকট ই-মেইলে প্রেরণ)।
০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। সংরক্ষণ নথি।

D:\Lawcell\IRFAN\unicode new\District\District Mamla Letter.doc